**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অধ্যক্ষের কার্যালয়**
**নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।**

বিজ্ঞপ্তি নং-৫১/নসক/২০২৩ তারিখ ঃ ০৪/০৪/২০২৩ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষে অনার্স পার্ট-১ এ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে **আগামী ০৫/০৪/২০২৩ ইং তারিখ হতে ০৮/০৫/২০২৩ ইং তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এ প্রবেশ করে নির্দেশনা মোতাবেক সতর্কতার সাথে আবেদন ফরম পূরণ করতে হবে।** পূরণকৃত আবেদন ফরমের প্রিন্ট কপি সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্র সহ **আগামী ০৬/০৪/২০২৩ ইং তারিখ হতে ০৮/০৫/২০২৩ ইং তারিখের মধ্যে অবশ্যই কলেজের পরীক্ষা শাখায় জমা দিতে হবে। উল্লেখ্য যে, ০৯/০৫/২০২৩ ইং তারিখের পর কোন অবস্থাতেই ভর্তি সংক্রান্ত আবেদন ফরম গ্রহণ করা হবে না এবং ত্রুটিপূর্ণ আবেদন ফরম জমা দিলে কোন প্রকার যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।**

১। **প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৯/২০২০ সালের SSC/ সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০ এবং ২০২১/২০২২ সালের HSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ-৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০১৯/২০২০ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০ এবং ২০২১/২০২২ সালের HSC /সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ-৭ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

ঙ) ২০১৯/২০২০ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেড সহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২১/২০২২ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই)টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থীরা অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (drughonours@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভূক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

চ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কতৃর্ক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থীরা অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাডেসে (drughonours@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভূক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট শিক্ষা বোর্ড কর্তৃক সমতা নিরুপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ছ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল, স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে সে সকল শিক্ষার্থীরা ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

জ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। **প্রয়োজনীয় কাগজ পত্র ঃ**

(ক) এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাশের নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি -০১ টি করে অনলাইন আবেদন ফরমের প্রিন্ট কপির সঙ্গে সংযুক্ত করে জমা দিতে হবে।

(খ) ওয়েবসাইটে আবেদন ফরম পূরণ করার সময় আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ছবির মাপ ১২০×১৫০ পিক্সেল, ফাইল সাইজ সর্বচ্চো ৫০ kb হতে হবে )স্ক্যান করে আপলোড করতে হবে।

৩। **Online- এ ভর্তির আবেদন ফরম পূরনের নিয়মাবলি ঃ**

(ক) নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Honours Tab এ Apply now (Honours) অপশনে ক্লিক করে আবেদনকারীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ডের নাম, পাশের সন ও কলেজের নাম সঠিকভাবে এন্ট্রি করতে হবে।

(খ) আবেদনকারীকে তাদের পছন্দ অনুযায়ী কলেজ নির্ধারণ করে সবকয়টি Eligible বিষয়ে প্রার্থীত পছন্দক্রম দিয়ে ভর্তি ফরম পূরণ করতে হবে। আবেদনকারীকে সতর্কতার সাথে ভর্তি ফরমে বিষয়ের পছন্দক্রম দিতে হবে। ভর্তি ফরমে পছন্দক্রম নির্ধারণ করে Submit করা হলে পরবর্তীতে তা আর পরিবর্তন করা যাবে না।

(গ) একজন প্রার্থী তার পছন্দ অনুযায়ী শুধুমাত্র একটি কলেজ থেকেই ভর্তির জন্য আবেদন করতে পারবে। ভর্তি ফরমে যে কলেজ কোড ব্যবহার করবে আবেদনকারীকে সেই কলেজেই ভর্তির আবেদন ফরম জমা দিতে হবে।

(ঘ) সঠিক তথ্য সহকারে আবেদন ফরম পূরণ করে Submit Application অপশনে ক্লিক করলে আবেদনকারীর রোল নম্বর ও পিনকোড সহ একটি নতুন আবেদন ফরম কম্পিউটার স্ক্রিনে দেখা যাবে। উক্ত ফরমটি সরাসরি অথবা ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

(ঙ) আবেদন ফরমে যে কোন ভুল তথ্য সরবরাহ করা হলে ভর্তি পরীক্ষার ফলাফল/ভর্তি বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

(চ) আবেদন ফরমের মূল্য বাবদ ২৫৭/- টাকা ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট এর মাধ্যমে ৩২৭ বিলার আইডিতে জমা দিয়ে টাকা জমাদানের পেমেন্ট স্লিপ সহ আবেদন ফরম কলেজ পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

**বিল নং এর ঘরে : শুধুমাত্র অনার্স ভর্তির প্রাথমিক আবেদনের রোল নম্বর সঠিক ভাবে লিখতে হবে।**

**বি. দ্র. এই কলেজের সকল ছাত্র-ছাত্রীদের/শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল প্রকার ভর্তির প্রাথমিক আবেদন ফি, ভর্তি, সেশন চার্জ এবং ফরম পূরনের ফি নোটিশে উল্লেখিত ফির কম বা বেশি অথবা ২বার/৩বার করে দেওয়া যাবে না। নির্ধারিত ফি সঠিকভাবে না দিলে Software তা গ্রহণ করবেনা। সঠিকভাবে নির্ধারিত ফি না দেওয়ার কারনে, Software গ্রহণ না করলে ভর্তি/আবেদন ফি/ফরম পূরনের কোন দায়-দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না। আদায়কৃত ফি ফেরত দেওয়ার কোন বিধান নেই।**

(প্রফেসর মো: নাজমুল হাসান-৪৭১৩)
অধ্যক্ষ
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।